"শেখ হাসিনার মূলনীতি গ্রাম ও শহরের উন্নতি"
**শেখ হাসিনার মূলমন্ত্র**

# উপজেলা পরিষদ

তিতাস, কুমিল্লা

## জুম অ্যাপস মাধ্যমে অনুষ্ঠিত ডিসেম্বর, ২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

(সভা নম্বর: ৩৬/২০২২)

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: পারভেজ হোসেন সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা। |
| সভার তারিখ | : | ০৮ ডিসেম্বর, ২০২২ |
| সময় | : | সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম, তিতাস, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | অনলাইন জুম অ্যাপস |

সভাপতি জুম অ্যাপে সংযুক্ত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজ ও উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন। সরকারের উন্নয়ন ধারা অব্যাহত রাখতে স্ব স্ব অবস্থান থেকে যথাযথ ভূমিকা পালনের জন্য সকল দপ্তর/বিভাগের প্রধানকে আহবান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব এ.টি.এম. মোর্শেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিতাস, কুমিল্লা অদ্য সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৩। সভার কর্মসূচি অনুযায়ী বিভাগ ভিত্তিক নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | নভেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের উপর সংশোধনী বা মন্তব্য সম্পর্কে মতামত চাওয়া হয়। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী বা মন্তব্য উত্থাপিত হয়নি। | নভেম্বর, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | <u>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা:</u> জনাব মো: পারভেজ হোসেন সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, মহান বিজয় দিবসের মাস চলমান। মহান বিজয় দিবস ১৬ই ডিসেম্বর আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত কর্মসূচি যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান করা হলো। তিতাস উপজেলায় ডিসেম্বর মাসে নির্মম ২টি হত্যাকাণ্ড সংঘটিত হয়। একটি ভিটিকান্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান জনাব আবু মোল্লার ছেলে যুব নেতা জনাব মো: জহিরুল ইসলাম ও নারান্দিয়া ইউনিয়নের ঘোলাকান্দি গ্রামের ৭৫ বছর বয়সী এক বৃদ্ধ মহিলা। এতে করে তিতাস উপজেলার আইন-শৃঙ্খলার অবনতি ঘটে। আশা করি আইন-শৃঙ্খলা বাহিনী দ্রুত সময়ের মধ্যে সঠিক তদন্তক্রমে প্রকৃত অপরাধীকে গ্রেফতার করতে সক্ষম হবে। এ হত্যাকাণ্ডের সাথে স্থানীয় ইউপি চেয়ারম্যান জনাব বাবুল মিয়া জড়িত নয় মর্মে জানান। হত্যাকাণ্ডের প্রকৃত বিবরণী লিখিত আকারে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যান জনাব বাবুল মিয়াকে অনুরোধ করা হলো। | ক) ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>খ) তিতাস উপজেলার নির্মম ২টি হত্যাকাণ্ডের বিষয়ে সঠিক তদন্তক্রমে প্রকৃত অপরাধীকে দ্রুত সময়ের মধ্যে গ্রেফতারের আওতায় আনার বিষয়ে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে উপস্থাপনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | ১।উপজেলা নির্বাহী অফিসার<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৩. | <u>উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা :</u> উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প হচ্ছে আশ্রয়ণ প্রকল্প। উক্ত প্রকল্পের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের মাঝে খাসজমি বরাদ্দসহ ঘর নির্মাণ চলমান আছে। জিয়ারকান্দি ইউনিয়নের আশ্রয়ণ প্রকল্পের একটি রাস্তা ও গাজীপুর খানমণ্ডল সরকারি | ক) আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলোর নির্মাণ কাজ সার্বিকভাবে তদারকি অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | স্কুল এন্ড কলেজে নিরাপত্তার স্বার্থে একটি গেইট ও বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। ৬ নভেম্বর, ২০২২ থেকে এইচএসসি/আলিম পরীক্ষা-২০২২ চলমান আছে। প্রতি মাসে টার্গেট অনুযায়ী জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিচালনার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | খ) জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতি মাসে টার্গেট অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো।<br>গ) জিয়ারকান্দি আশ্রয়ণ প্রকল্পের রাস্তা ও গাজীপুর খানমডেল সরকারি স্কুল এন্ড কলেজের গেইট ও বাউন্ডারী ওয়াল নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |
| ৪. | <u>মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস:</u> মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ফরিদা ইয়াসমিন সভায় জানান যে, উন্নয়নমূলক প্রকল্পের তালিকা সিএ জনাব আল আমিন সাহেব এর নিকট দিয়ে আসছি। জেলা থেকে জানতে পারলাম নারী উন্নয়ন ফোরামের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে ৩% অর্থ বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দ পাইলে ইউপি মেম্বারদের নিয়ে উন্নয়নমূলক কাজ করতে পারতাম। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কর্যালয়ের Standing কমিটি করে তার কার্যবিবরণী প্রেরণসহ উন্নয়নমূলক কাজে উপজেলা প্রকৌশলীর সাথে যোগাযোগ করে কাজ করার জন্য উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ১। মহিলা ভাইস-চেয়ারম্যান<br>২। উপজেলা প্রকৌশলী |
| ৫. | <u>উপজেলা কৃষি অফিস:</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে রবি/২০২২-২৩ মৌসুমে গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ, মসুর ও খেসারী ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ১৪৩০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের জন্য কৃষি প্রণোদনার উপকরণ বিতরণ করা হয়েছে। বরাদ্দ অনুযায়ী ৭০ জন কৃষক গম, ১৫০ জন কৃষক ভুট্টা, ৯০০ জন কৃষক সরিষা, ১৬০ জন কৃষক বাদাম, ১০ জন কৃষক পেঁয়াজ, ২০ জন কৃষক মসুর, ৪০ জন সূর্যমুখী, ৮০ জন কৃষক খেসারী ফসল চাষের জন্য নির্ধারিত পরিমাণ বীজ ও সার পেয়েছেন। ২০২২-২৩ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের উচ্চ ফলনশীল (উফশী) ও হাইব্রিড জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। উফশী প্রণোদনা কর্মসূচীর আওতায় ২২০০ জন কৃষক প্রত্যেকে ৫ কেজি উচ্চ ফলনশীল ধান বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমএপি সার পেয়েছেন। হাইব্রিড প্রণোদনা কর্মসূচীর আওতায় ১২০০ জন কৃষক ২ কেজি করে হাইব্রিড ধান বীজ পেয়েছেন। উপজেলা কৃষি অফিসার সভায় আরো বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা রয়েছে "এক ইঞ্চি আবাদী জমিও খালি রাখা যাবেনা"এই নির্দেশনার আলোকে এবং জেলা প্রশাসক কুমিল্লা মহোদয়ের দিকনির্দেশনা মোতাবেক সকল সরকারী প্রতিষ্ঠানের ও শিক্ষা প্রতিষ্ঠানের অনাবাদি পতিত জমিসহ সকল পতিত জমি আবাদের আওতায় আনার জন্য কাজ করছে কৃষি বিভাগ। এ বিষয়ে উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে কর্মসূচী গ্রহণ করার জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করেন। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "এক ইঞ্চি আবাদী জমিও খালি রাখা যাবেনা"এই নির্দেশনার আলোকে উপজেলা কৃষি অফিসের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা<br>২।ইউপি চেয়ারম্যান (সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৬.</td><td><u>উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে তিতাস উপজেলায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল খাত হতে নির্মাণ/সংস্কার করা যেতে পারে।
<table>
<tr><th>নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>শোলাকান্দি মেইন রোড হতে বাচ্চু মিয়ার বাড়ি আরসিসিকরণ</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>শিবপুর-শাহাপুর-লালপুর সড়কের শাহপুর অংশের সড়কের ক্ষতিগ্রস্থ মেরামত (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>জিয়ারকান্দি প্রধানবাড়ি রাস্তার পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>দড়িকান্দি গ্রামে গৌরিপুর-হোমনা সড়ক হতে ফজলুলহকের বাড়ি রাস্তা সিসিকরণ (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>শোলাকান্দি আশ্রয়ণ প্রকল্পে পেলিসেডিং নির্মাণ (১ম অংশ) (আরএফকিউ)</td><td>৫,০০,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>শোলাকান্দি আশ্রয়ণ প্রকল্পে পেলিসেডিং নির্মাণ (২য় অংশ) (আরএফকিউ)</td><td>৫,০০,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>আফজালকান্দি খেয়াঘাট সংলগ্ন নুরুল আবদিনের বাড়ির সামনে গোমতী নদীতে ঘাটলা নির্মাণ</td><td>১,৫০,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>আফজালকান্দি বেড়িবাঁধ হতে আফজালকান্দি গ্রামে প্রবেশের এলাহি সওদাগর বাড়ি বরাবর রাস্তার পার্শ্বে পেলিসেডিং নির্মাণ</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>চররাজাপুর খানবাড়ি বীর মুক্তিযোদ্ধা শহীদুল্লাহ খান এর বাড়ির পুকুরে পাকা ঘাটলা নির্মাণ</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>গাজীপুর খানমজেল সরকারি স্কুল এন্ড কলেজে নিরাপত্তার স্বার্থে একটি গেইট ও বাউন্ডারী ওয়াল নির্মাণ</td><td>৭,০০,০০০/-</td></tr>
<tr><td>১১</td><td>গাজীপুর ফকির বাড়ির কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ</td><td>৪,০০,০০০/-</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত তিতাস উপজেলার ৯টি কিশোর-কিশোরী ক্লাবে আসবাবপত্র সরবরাহ) (পিআইসি)</td><td>১,৬০,০০০/-</td></tr>
<tr><td>১৩</td><td>গৌরিপুর-হোমনা সড়কের গাজীপুর থেকে ভূইয়া বাড়ি জামে মসজিদ সড়ক সিসিকরণ</td><td>৪,০০,০০০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কড়িকান্দি ডায়াবেটিকস হসপিটালের হলরুমে টাইলস স্থাপন (পিআইসি)</td><td>১,১৩,৫২০/-</td></tr>
<tr><td>১৫</td><td>কড়িকান্দি ডায়াবেটিকস হসপিটালের Xray. Lab এবং Chamber রুম গুলোতে টাইলস স্থাপন (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>১৬</td><td>কড়িকান্দি ইউনিয়নের ১নং ওয়ার্ডের খালেক ভূইয়া বাড়ির কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>১৭</td><td>দক্ষিণ আকালিয়া আসমত আলী ডাক্তারের পুকুরে ঘাটলা নির্মাণ (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>১৮</td><td>আত্ম কর্মসংস্থানের জন্য গ্রামীণ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ (সমাজসেবা) (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>১৯</td><td>আনুসাঙ্গিক বাবদ ০.৫% (পিআইসি)</td><td>১,০৫,০০০/-</td></tr>
</table></td><td>উক্ত প্রকল্পগুলো ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল খাত হতে টেন্ডার, আরএফকিউ ও পিআইসি'র মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পগুলো ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়ন ব্যয় সংকুলান না হলে পরবর্তী ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়ন করার জন্যও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২।উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>৭.</td><td><u>উপজেলা শিক্ষা অফিস:</u> উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব লায়লা পারভীন বানু সভায় জানান যে, সকল বিদ্যালয়ে এসএমসি কমিটি গঠন শেষ পর্যায়ে। সকল সরকারি প্রাথমিকি বিদ্যালয়ে তৃতীয় প্রান্তিক মূল্যায়ন চলমান আছে। সকল বিদ্যালয়ের উপবৃত্তির তথ্য অনলাইনে আপলোড করা হয়েছে। ক্যাচমেন্ট এরিয়া অনুযায়ী সকল শিক্ষার্থী ভর্তির নিমিত্ত স্থানীগয় প্রতিনিধিদের সার্বিক সহযোগিতা প্রয়োজন। সার্বিক সহযোগীতার পাশাপাশি শিক্ষার্থীদের জন্মসনদ দ্রুত সরবরাহ করে প্রধান শিক্ষক এবং অভিভাবকদের সহায়তা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। অফিসের অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে।</td><td>শিক্ষার্থীদের ভর্তির বিষয়ে জন্মসনদ দ্রুত সময়ের মধ্যে সরবরাহ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো।</td><td>১। উপজেলা শিক্ষা অফিসার<br>২।ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৬ নভেম্বর, ২০২২ থেকে এইচএসসি/আলিম পরীক্ষা-২০২২ চলমান। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৫০২ জন। বছরের শুরুতে ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণের জন্য প্রতিটি বিদ্যালয়ে বই প্রেরণ করা হচ্ছে। নতুন বছরে বই বিতরণ শুরু হবে। আমি ডিসেম্বর ২০২২ মাসেই এলপিআর এ চলে যাব। আমার হয়তো এটাই শেষ সভা। সবাই আমার জন্য দোয়া করবেন। আমিও সবার জন্য দোয়া করব। সভাই ভাল থাকবেন এই আশা করে আমার বক্তব্য শেষ করছি। অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | নির্ধারিত সময়ের মধ্যে নতুন বই প্রতিটি বিদ্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তিতাস উপজেলায় শীতার্থদের মাঝে কম্বল বিতরণের জন্য ৪,৩০০/- পিছ কম্বল পাওয়া গেছে। অচিরেই ইউনিয়ন ভিত্তিক কম্বল বিভাজন করে প্রেরণ করা হবে। বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে পরিচালনা করা হচ্ছে। | তিতাস উপজেলায় প্রাপ্ত কম্বলগুলো শীতার্থদের মাঝে বিতরণের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, আমার অফিসের ওয়ালে বিদ্যুতের লাইন দিয়ে পানি পরে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এ মাসে ভাতাভোগীদের মাঝে টাকা বিতরণ করা হবে। কেউ যাতে ফোন করলে ওটিপি নম্বর না দেয় সে বিষয়ে সতর্ক করার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে পরিচালনা করা হচ্ছে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তিতাস, কুমিল্লাকে ওটিপি নম্বরের বিষয়ে ভাতাভোগীদের সতর্ক করার জন্য একটি পত্র তৈরি করার জন্য। উক্ত পত্রটি যার যার অবস্থান থেকে ফেসবুকে পোস্ট করা হলে আসা করি সবাই সতর্ক হয়ে যাবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১. | চেয়ারম্যান, জগতপুর ইউপি: জগতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, ভিটিকান্দি ইউনিয়নের মর্মান্তিক হত্যাকান্ডের বিষয়ে দু:খ প্রকাশ করছি। সাবেক ইউপি চেয়ারম্যান জনাব আবু মোল্লা আমার সাথে চেয়ারম্যান ছিল। রাজনৈতিক কারণে অনেকের সাথে বিরোধ থাকতে পারে। এর জন্য তার ছেলেকে নির্মমভাবে হত্যা করা হবে এটা কাম্য নয়। সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত আসামীদেরকে বিচারের আওতায় আনার জন্য জোর সুপারিশ করছি। | উপজেলা প্রশাসনকে ভিটিকান্দি হত্যার বিষয়ে প্রকৃত অপরাধীকে দ্রুত গ্রেফতারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১২. | চেয়ারম্যান, বলরামপুর ইউপি: বলরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, তিতাস উপজেলায় একটি মর্মান্তিক হত্যাকান্ড ঘটে। উক্ত হত্যাকান্ডে তিতাস উপজেলার ভাবমুর্তি নষ্ট হয়েছে। আমরা আশাকরি প্রশাসনের মাধ্যমে সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত আসামীদেরকে বিচারের আওতায় আনা হোক। | তিতাস উপজেলার হত্যাকান্ডের বিষয়ে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে ব্যাপকভাবে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১৩. | চেয়ারম্যান, ভিটিকান্দি ইউপি: ভিটিকান্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব বাবুল মিয়া সভায় জানান যে, আমার ইউনিয়নে একটি মর্মান্তিক হত্যাকান্ড ঘটে। এই হত্যার নিন্দা নিন্দা জানাই। প্রকৃত অপরাধীকে চিহ্নিত করে বিচারের আওতায় আনা হোক। | উক্ত হত্যার বিষয়ে লিখিত আকারে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য চেয়ারম্যান, ভিটিকান্দি ইউনিয়ন পরিষদ, তিতাস, কুমিল্লাকে অনুরোধ করা হলো। | ইউপি চেয়ারম্যান, ভিটিকান্দি |
| ১৪. | চেয়ারম্যান, নারান্দিয়া ইউপি: নারান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভায় জানান যে, তিতাস উপজেলায় একটি মর্মান্তিক হত্যাকান্ড ঘটে। উক্ত হত্যাকান্ডের প্রকৃত অপরাধীকে উপজেলা প্রশাসনের মাধ্যমে সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত আসামীদেরকে বিচারের আওতায় আনা হোক। | উক্ত হত্যাকান্ডের প্রকৃত অপরাধীকে সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত আসামীদেরকে গ্রেফতারের জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১৫. | বিবিধ: উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় করা হয় তা পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br>ক) উপজেলা পরিষদে অস্থায়ীভাবে নিয়োগকৃত মালি জনাব শাহজাহান এর নভেম্বর, ২০২২ মাসের দৈনিক ৫৫০/- টাকা হারে ১৪,৩০০/- টাকা ব্যয়।<br>খ) দৈনিক মজুরি বাবদ জনাব শওকত মিয়াকে দৈনিক ৫০০/- টাকা হারে নভেম্বর, ২০২২ মাসের ১২,০০০/- টাকা ব্যয়।<br>গ) নভেম্বর, ২০২২ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয় ৯৫০/- টাকা।<br>ঘ) নভেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা।<br>ঙ) নভেম্বর, ২০২২ মাসের উপজেলা পরিষদ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ৫,০০০/- টাকা।<br>চ) তিতাস উপজেলার ১৪২৯ বাংলাসনের হাট-বাজার ইজারা সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় ৩০,০০০/- টাকা। | উক্ত ব্যয়গুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ছ) জনাব মো: পারভেজ হোসেন সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লার জুন, ২০২২ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ৬৩,০০০/-ব্যয়।<br>জ) জনাব মো: ফরহাদ আহমেদ ফকির, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লার জুন, ২০২২ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ৫০,৪০০/-ব্যয়।<br>ঝ) জনাব ফরিদা ইয়াসমিন, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লার জুন, ২০২২ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত ভ্রমণ ভাতা বাবদ ৫০,৪০০/-ব্যয়।<br>ঞ) উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২২ মাসের কেন্দ্রিয় মিটারের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় ২৩,৯৪৪/- টাকা।<br>ট) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা এর কার্যালয়ের ডিসেম্বর, ২০২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় ৩৪৪/- টাকা। | | |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: পারভেজ হোসেন সরকার
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ
তিতাস, কুমিল্লা।

স্মারক নম্বর: ০৫.২০.১৯৯৪.০০০.০৬.০০৮.২২-১২১৪(৫০)

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২৯
১৫ ডিসেম্বর, ২০২২

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. জনাব সেলিমা আহমাদ, মাননীয় সংসদ সদস্য, ২৫০ কুমিল্লা-২
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশিনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তিতাস, কুমিল্লা।
০৮. উপজেলা ---------------------------------- অফিসার, তিতাস, কুমিল্লা।
০৯. সহকারী প্রোগ্রামার, তিতাস, কুমিল্লা। [সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]
১০. চেয়ারম্যান, -------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তিতাস, কুমিল্লা।

১৫.১২.২২

এ.টি.এম. মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
তিতাস, কুমিল্লা।
ফোন: ০৩৩৪৪১০০১০
ই-মেইল: unotitas1@gmail.com